সাগান্নায় বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তন দিবস উৎযাপিত

স্বাধীন বাংলাদেশের স্থপতি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বদেশ প্রত্যাবর্তন দিবস। ১৯৭২ সালের এই দিনে বঙ্গবন্ধু পাকিস্তানের বন্দিদশা থেকে মুক্তি পেয়ে রক্তস্নাত স্বাধীন-সার্বভৌম বাংলাদেশের মাটিতে পা রাখেন। পূর্ণতা পায় বাঙালির বিজয়।

মহান এই নেতার প্রত্যাবর্তনে স্বাধীনতাসংগ্রামের বিজয় পূর্ণতা পায়। বিশ্বজুড়ে জাতি পরিচিতি পায় বীর বাঙালি হিসেবে। স্বয়ং বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান তাঁর এই স্বদেশ প্রত্যাবর্তনকে ‘অন্ধকার হতে আলোর পথে যাত্রা’ হিসেবে আখ্যায়িত করেন।

বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তন দিবস উপলক্ষে বিকাল ৪.০০ টায় ৩ নং সাগান্না ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি শেখ মোঃ মোজাম্মেল হোসেন এর সভাপতিত্বে সাগান্না ইউনিয়ন আওয়ামীলীগ কার্যালয়ে একটি আলোচনা সভার আয়োজন করা হয়।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সাগান্না ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি শেখ মোঃ মোজাম্মেল হোসেন ও সাধারণ সম্পাদক মুন্সী মোঃ শাহীন রেজা সাঈদ।

এছাড়াও উপস্থিত ছিলেন, সাগান্না ইউনিয়ন আওয়ামী লীগের সহঃ সভাপতি, জহর মিয়া, সাংগঠনিক সম্পাদক মোঃ নাজমুল হক তুরফি, যুগ্ম সাধারণ সম্পাদক, গাজী আবদুল হালিম, যুগ্ম সাধারণ সম্পাদক মোঃ মোখলেসুর রহমান শিলু, সহ সাংগঠনিক সম্পাদক, আকবর হোসেন।

সাগান্না ইউনিয়ন কৃষক লীগ সাবেক সাধারণ সম্পাদক, আমির হোসেন। সাগান্না ইউনিয়ন কৃষক লীগ সাবেক সভাপতি রফিকুল ইসলাম উজ্জ্বল সহ অন্যান্য নেতৃবৃন্দ।

এছাড়াও উপস্থিত ছিলেন, সাগান্না ইউনিয়ন যুবলীগের আহবায়ক শেখ রুহুল আমিন, যুগ্ম-আহবায়ক মোঃ ফজলু করিম ইউনিয়ন যুবলীগ নেতা মোহাম্মদ আলী, জাহাঙ্গীর আলম সহ অন্যান্য নেতৃবৃন্দ।

চুয়াডাঙ্গা ও দর্শনায় পৃথক সড়ক দূর্ঘটনায় ২ জন নিহত, আহত-১৩

চুয়াডাঙ্গায় পৃথক দুটি সড়ক দূর্ঘটনায় ২ জন নিহত হয়েছেন, একই ঘটনায় আহত হয়েছেন ১০ জন। দূর্ঘটনা গুলি ঘটে শনিবার রাত সাড়ে ৮ টার দিকে জেলার আন্তঃজেলা বাসটার্মিনালের সামনে ও দর্শনা মা ও শিশু হাসপাতালের সামনে।

পুলিশ ও প্রত্যক্ষদর্শী সুত্রে জানা যায়, শনিবার সন্ধ্যার একটু আগে চুয়াডাঙ্গা সদর উপজেলার আলুকদিয়া ইউনিয়নের ভালাইপুর গ্রামের সিটি ইটভাটা থেকে কাজ শেষে ১০ জন ইটভাটা শ্রমিক তাদের নিজ নিজ বাড়ি সদর উপজেলার জালশুকা গ্রামে ফিরছিলেন।

পথিমধ্যে চুয়াডাঙ্গা আন্তঃজেলা বাসটার্মিনালের নিকটে পৌছলে পিছন দিক থেকে আসা দ্রুতগামী একটি ট্রাক তাদের বহনকারী আলমসাধুকে সজোরে ধাক্কা দিলে তারা সকলেই ঘটনাস্থলে রাস্তার উপরে ছিটকে পড়ে আহত হন। স্থানীয় লোকজন তাদেরকে উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নিয়ে গেলে কর্তব্যরত ডাক্তার জোহর আলীকে(৪২) মৃত ঘোষনা করেন, তিনি জালশুকা গ্রামের বাচাল আলীর ছেলে।

আহত অন্যরা হলেন, একই গ্রামের মৃত আফতাব আলীর ছেলে জব্বার আলী (৩৮), বাবুল আলীর ছেলে তৈয়ব আলী (৪০), নাসিরের মেয়ে সাবিনা ইয়াসমিন (১৪), আ.মজিদের ছেলে বাবলু (৩২), মৃত আইজদ্দিনের ছেলে আবুল কালাম আজাদ (৪৬),মৃত সুরত আলীর ছেলে সোবহান আলী (৫০), তোফান আলীর ছেলে আজম (৩৫), পাশ্ববর্তী বোয়ালিয়া গ্রামের লোকমানের স্ত্রী রহিমা খাতুন (৪৬) এবং কুষ্টিয়া জেলার দৌলতপুর থানার লক্ষীপুর গ্রামের মোবারক হোসেনের ছেলে জয়নাল আবেদিন (৩৫)।

চুয়াডাঙ্গা সদর থানার ওসি আবু জিহাদ ফকরুল আলম খান ঘটনার সত্যতা নিশ্চিত করে জানান,আহতদেরকে সু-চিকিৎসার ব্যবস্থা করা হয়েছে। ঘাতক ট্রাকটি তাৎক্ষনিক ভাবে আটক করতে না পারলেও ড্রাইভার হেলপারের পরিচয় সনাক্ত করা গেছে।

পৃথক অপর দূর্ঘটনাটি ঘটে শনিবার রাত সাড়ে আটটার দিকে দর্শনা বাসষ্ট্যন্ডের অদূরে মা ও শিশু জেনারেল হাসপাতালের সামনে। এসময় জেলার দামুড়হুদা থেকে দর্শনা অভিমুখে আসা সিএনজি থ্রি-হুইলার রাস্তার উপরে ইঞ্জিন বিকল হয়ে দাড়িয়ে থাকা কেরু চিনিকলের আখ বোঝায় একটি ট্রাক্টরের সাথে পিছন থেকে ধাক্কা মেরে রাস্তার পাশে উল্টে যায়।

এ সময় সেটি দুমড়ে-মুছড়ে গেলে সামনের আসনে বসে থাকা দর্শনা পরানপুরের মৃত মোবারক মন্ডলের ছেলে কেরু চিনিকলের আবসর প্রাপ্ত ট্রাক ড্রাইভার ও দর্শনা প্রেসক্লাবের সভাপতি আওয়াল হোসেনের বড়ভাই নজির হোসেন (৬৮) ঘটনাস্থলেই মারা যান।

এই ঘটনায় আহত হয়েছেন ৪ জন, এরা হলেন, নিহত নজির হোসেনের স্ত্রী জাহানার বেগম (৫৫), সিএনজি চালক দর্শনা বাসস্ট্যান্ডের মিজানুর রহমানের ছেলে সুজন (২০), দর্শনা থানার নাস্তিপুর গ্রামের এরশাদ আলীর স্ত্রী নাজিরা খাতুন (২৮) ও দর্শনা রামনগর গ্রামের চান মিয়ার স্ত্রী শাহানারা বেগম (৪২)।

ট্রাক্টর টির চালক ও হেলপার পালিয়ে গেছেন। দুটি ঘটনায় আহতদেরকে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে চিকিৎসাধীন রাখা হয়েছে।দর্শনা থানারওসি মাহাব্বুর রহমান ঘটনার সত্যতা নিশ্চিত করেছেন।

শোলমারী বালিকা বিদ্যালয়ে বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তন দিবস পালন

মেহেরপুর সদর উপজেলার শোলমারী মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের উদ্যোগে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বদেশ প্রত্যাবর্তন দিবস পালন করা হয়েছে।

এ উপলক্ষে বরিবার সকালে বিদ্যালয়ের সম্মেলন কক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। প্রধান শিক্ষক মাহাবুব রহমান এর সভাপতিত্বে সভায়

বক্তব্য দেন ম্যানেজিং কমিটির সদস্য মশিউর রহমান, আবু হানিফ পল্টু।

এসময় উপস্থিত ছিলেন বিদ্যালয়ের সহকারী শিক্ষক আব্দুল আলিম, আব্দুল জাব্বার, ফারুক হোসেন, মমতাজ পারভিন, মর্তুজা ফারুক, রিপন আলী।

পরে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আত্মার মাগফেরাত কামনায় দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়। দোয়া পরিচালনা করেন বিদ্যালয়ের ধর্মীয় শিক্ষক শরিফউদ্দিন।

মেপ্র/এমএফআর

শৈলকুপায় ফেইক আইডিতে কটুক্তিমুলক মন্তব্য করায় অধ্যক্ষের সংবাদ সম্মেলন

ঝিনাইদহের শৈলকুপার শেখপাড়া দুঃখী মাহমুদ কলেজের অধ্যক্ষের বিরুদ্ধে কটুক্তিমুলক মন্তব্য করায় এক সংবাদ সম্মেলনের অনুষ্টিন অনুষ্টিত হয়েছে। রবিবার সকাল ১১টায় শেখপাড়া দুঃখী মাহমুদ কলেজের হলরুমে লিখিত সংবাদ সম্মেলনে কলেজের অধ্যক্ষ আসাদুর রহমান বলেন আমার বিরুদ্ধে উদ্দেশ্য প্রণোদিত ও সামাজিক ভাবে হেয় প্রতিপন্ন করার জন্য কে বা কাহারা সামজিক যোগাযোগ মাধ্যম ফেইসবুকে আমার ছবি ব্যবহার করে নবী শয়তান ও নবী নারাজ নামের দুটি ফেইক আইডি খুলে আমার পরিবারের ও মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার ছবি ব্যবহার করে বিভিন্ন কটুক্তমুলক মন্তব্য করে পোস্ট দেয়। এই বিষয়টি আমার দৃষ্টি গোচর হলে আমি গত ৫ ও ৭ই জানুয়ারী শৈলকুপা থানায় পৃথক ভাবে ২০৫ ও ২৯৫ নম্বরের দুটি ডায়েরি করেছি। উক্ত সংবাদ সম্মেলনে কলেজের শিক্ষক , কর্মচারী ও শিক্ষার্থীরা উপস্থিত ছিল

অতীতের দুই প্রকৌশলীর অপকর্ম আর সমন্বয়হীনতার ফলেই ডুবেছে কুষ্টিয়া মেডিকেল কলেজ

বেশ কয়েকদফা সময় বাড়িয়েও শেষ করা যায়নি কুষ্টিয়া মেডিকেল কলেজ ও হাসপাতাল ভবন নির্মাণ প্রকল্পের কাজ। এতে চটেছেন খোদ প্রধানমন্ত্রী শেখ হাসিনা। কেন সময় মতো কাজ শেষ হয়নি তা খতিয়ে দেখার নির্দেশ দিয়েছেন।

এরপর নড়েচেড়ে বসেছেন সবাই। তবে অতীতের দুই প্রকৌশলীর অপকর্ম আর সমন্বয়হীনতার ফলেই ডুবেছে জনগুরুত্বপূর্ণ এ প্রকল্প, এমন অভিযোগ স্থানীয়দের।

জানা গেছে, ৫০ জন শিক্ষার্থী নিয়ে ২০১১ সালে মেডিকেল অ্যাসিসটেন্ট টেনিং ইনস্টিটিউট (ম্যাটস) ভবনে অস্থায়ী ভাবে যাত্রা শুরু হয় কুষ্টিয়া মেডিকেল কলেজের। আর ২০১৩ সালে শহরের লাহেনী এলাকায় ২০ একর জায়গার ওপর ২৭৫ কোটি টাকা প্রাক্কলিত ব্যয় ধরে নির্মাণ শুরু হয় কুষ্টিয়া মেডিকেল কলেজ ও হাসপাতাল ভবন প্রকল্পের কাজ। প্রকল্পটি ২০১৬ সালের জুনের মধ্যে শেষ হওয়ার কথা ছিল। কিন্তু আজও শেষ হয়নি এ প্রকল্পের কাজ।

এ প্রকল্পের কাজ সময় মত শেষ না হওয়ায় সম্প্রতি প্রধানমন্ত্রী শেখ হাসিনা একনেকের বৈঠক অসন্তোষ প্রকাশ করেন। তিনি বিষয়টি খতিয়ে দেখতে সংশ্লিষ্টদের নির্দেশ দেন।

মেডিকেল কলেজের একাধিক সূত্র জানায়, ২০১৩ সালে প্রকল্পের যে কাজ শুরু হয় তার ডিপিডি করা তৈরি করা হয় ২০০৮ সালে । সব কার্যক্রম শেষে যখন কাজ শুরু হয় তখন সব কিছুর বাজার দর বেড়ে যায়। তাই নকশা অনুয়ায়ী প্রতিটি ভবন শেষ না হলেও বরাদ্দকৃত অর্থ ফুরিয়ে যায়। সে সময় পরিদর্শনে এসে আইএমইডির টিমের সদস্যরা অনিয়মের অভিযোগ এনে প্রতিবেদন দেন। এতে প্রকল্পের কাজ বন্ধ হয়ে যায়। দায়িত্বে অবহেলার অভিযোগে গণপুর্তের নির্বাহী প্রকৌশলীসহ কয়েকজনকে সরিয়ে দেয়া হয়।

মত অভিযোগ আছে।

অনিয়মের বিষয়ে মানিক লাল দাস বলেন, সব অভিযোগ মিথ্যা ও ভিত্তিহীন। সব কাজ সঠিকভাবে বাস্তবায়ন হচ্ছে বলে জানান তিনি। তিনি দ্বৈত নাগরিক নন বলেও দাবি করেন।

এসব বিষয় নিয়ে তখনকার নিবাহী প্রকৌশলী শাহিন মিয়া বলেন, তারা যথাযথ প্রক্রিয়া মেনে টেন্ডার করেছিলেন। কোন অনিয়ম হয়েছে বলে আমার জানা নেই। শাহিন মিয়া পদোন্নতি পাওয়ার অপেক্ষায় আছেন।

তবে কুষ্টিয়া গণপূর্তের বর্তমান প্রকৌশলী আরিফুল ইসলাম যোগ দেওয়ার পর প্রকল্পের কাজে গতি এসেছে। জানা গেছে, বিগত ৬ বছরে প্রকল্পের মাত্র ৩০ ভাগ কাজ শেষ হয়। আর প্রকৌশলী আরিফুল ইসলামের সময় প্রকল্পের প্রায় ৬০ ভাগ কাজ শেষ হয়েছে।

কুষ্টিয়া মেডিকেল কলেজ ও হাসপাতাল ভবনের পিডি ডা. আমিনুল ইসলাম বলেন,‘ নতুন করে জমি অধিগ্রহণ ও আরো কিছু ভবন নির্মাণের প্রস্তাব দেয়া হয়েছে। আর আগের যেসব কাজ চলমান তা শেষের পথে। নতুন বছরেই নতুন ক্যাম্পাসে সব কার্যক্রম শুরু হবে বলে আমরা আশা করছি।

কুষ্টিয়া গণপূর্তের নির্বাহী প্রকৌশলী আরিফুল ইসলাম বলেন, গত দেড় বছরে চেষ্টা করেছি কাজের মান শতভাগ ঠিক রেখে দ্রুত কাজ শেষ করতে। আমার সময়ে বেশির ভাগ শেষ হয়েছে। অনেক ভবন ব্যবহার উপযোগী করা হয়েছে। স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করা হয়েছে।

মেহেরপুর শহর আওয়ামী লীগের উদ্যোগে বঙ্গবন্ধু‘র স্বদেশ প্রত্যাবর্তন দিবস পালন

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বদেশ প্রত্যাবর্তন দিবস উদযাপন উপলক্ষে আলোচনা সভা ও ৱ্যালির আয়োজন করা হয়। রবিবারের সকাল ১১টার সময় মেহেরপুর শহর আওয়ামীলীগের উদ্যোগে উপজেলা পরিষদে এই অনুষ্ঠানের আয়োজন করা হয়।

মেহেরপুর শহর আওয়ামী লীগের সভাপতি ও উপজেলা চেয়ারম্যান অ্যাডভোকেট ইয়ারুল ইসলাম এর সভাপতিত্বে এবং পৌর ছাত্রলীগের সাবেক সভাপতি জশিউর রহমান বকুল এর সঞ্চালনায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা পরিষদের চেয়ারম্যান সদর উপজেলা আওয়ামী লীগের সভাপতি গোলাম রসূল।
বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর পৌর মেয়র ও জেলা যুবলীগের আহবায়ক মাহফুজুর রহমান রিটন, জেলা আওয়ামী লীগের সাবেক শিক্ষা বিষয়ক সম্পাদক আব্দুল মান্নান, জেলা যুবলীগের সাবেক সভাপতি সাজ্জাদুল আনাম, জেলা যুবলীগের সাধারণ সম্পাদক সাজ্জাদুল আলম, আমঝুপি ইউনিয়ন আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক আকতার হোসেন, ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আব্দুর রেজা। অন্যান্যদের মাঝে উপস্থিত ছিলেন, জেলা ছাত্রলীগের সাবেক সাধারণ সম্পাদক জুয়েল রানা, মেহেরপুর শহর ছাত্রলীগের সাবেক সভাপতি মাহফুজুর রহমান পেলেন, সদর থানা ছাত্রলীগের সাধারণ সম্পাদক ফয়সাল খান, জেলা ছাত্রলীগের প্রচার সম্পাদক শেখ শান্ত, মেহেরপুর সরকারি কলেজ ছাত্রলীগ নেতা আবু মোর্শেদ শোভন সরকার, মেহেরপুর সরকারী কলেজ ছাত্রলীগের সাবেক সাধারণ সম্পাদক মোস্তাফিজুর রহমান, মেহেরপুর সরকারি কলেজ ছাত্রলীগের সাবেক সহ-সম্পাদক গোলাম রাব্বী রবিন, মেহেরপুর পৌরসভার ১নম্বর ওয়ার্ড আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মাসুদ ও দপ্তর সম্পাদক সাইফুল ইসলাম শাকিল, মেহেরপুর পৌরসভার ৯নং ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি হামিদুল ইসলামসহ বিভিন্ন নেতাকর্মীরা সেখানে উপস্থিত ছিলেন।
আলোচনা সভা শেষে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বদেশ প্রত্যাবর্তন দিবস উপলক্ষে র্যালী বের করা হয়। মেহেরপুর সদর উপজেলা পরিষদ থেকে শুরু করে র্যালীটি মেহেরপুর জেলা পরিষদে গিয়ে শেষ হয়।

মেহেরপুরের গোভীপুর মাদ্রাসার হিফজখানায় অনিয়ম, ছাত্রদের বিক্ষোভ

মেহেরপুর সদর উপজেলার গোভীপুর দাখিল মাদ্রাসা লিল্লাহ বোডিং হিফজখানা ও এতিমখানায় নিন্মমানের খাবার পরিবেশন ও ভুয়া বিল ভাওচার করে টাকা আত্মসাতের অভিযোগ উঠেছে সুপার সাদিকুল ইসলামের বিরুদ্ধে।

এ নিয়ে প্রতিবাদ করায় মাদ্রাসা কমিটির সহ-সভাপতি শান্ত ও বোডিং সুপার সাদিকুল ইসলাম রবিবার সকালে মাদ্রাসার ছাত্রদের মারধর করেন বলে অভিযোগ করেছেন ভুক্তভোগী ছাত্ররা।পরে মাদ্রাসায় পড়বে না বলে ছাত্র মাদ্রাসা থেকে বের হতে গেলেও বাধা দেওয়া হয় তাদের। উপায় না পেয়ে এর সুষ্ঠ বিচারের দাবিতে মাদ্রসা প্রাঙ্গনেই বিক্ষোভ করতে থাকে ছাত্ররা।

পরে মেহেরপুর সদর থানার পুলিশ পরিদর্শক (তদন্ত) আমিরুল ইসলাম ও পুলিশ পরিদর্শন (অপারেশন) রাসুল সামদানি আজাদ ঘটনাস্থলে গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রন করেন।

হিফজখানার ছাত্র মেহেরপুর সদর উপজেলার রাজাপুর গ্রামের বনি আমিন জানান, দির্ঘদিন ধরে আমাদের উপর অত্যাচর করা হয়। নিম্নমানের খাবার পরিবেশন করা হয়। আমাদের দিয়ে জোর করে ভুয়া বিল ভাওচার করে নেওয়া হয়। নিয়ম না থাকলেও আমাদের জোর করে বিভিন্ন নিয়ম চাপিয়ে দেওয়া হয়। এসব কিছুর প্রতিবাদ করতে গেলে আমাদের মারধর করা হয়।

মাদ্রসার ছাত্র গাংনী উপজেলার রেজওয়ান আজম্মেদ সাব্বির ও সাদিক আলী জানান, আমরা যা শিখতে এখানে এসেছি তা শেখানো হয় না। দাখিল মাদ্রাসার নিয়ম আমাদের উপর চাপিয়ে দেওয়া হয়। আমাদেরকে সর্ট পাঞ্জাবী পরতে বলা হয়। অথচ আমরা বড় জুব্বা ব্যবহার করি। এছাড়াও কেই যদি আমাদের খাওয়ার জন্য কিছু দান করেন, তার বেশির ভাগ বোর্ডিং সুপার সাদিকুল আত্মসাত করে ফেলেন।
এ বিষয়ে বোর্ডিং সুপার সাদিকুল জানান, আমার বিরুদ্ধে যা অভিযোগ সব মিথ্যা।

হিফজখানার সভপতি আব্দুল মান্নান বলেন, মাদ্রাসার কোন ঝামেলা হলে আমাকে তেমন জানানো হয় না। তবে যে অভিযোগ গুলো উঠেছে সেগুলো তদন্ত করে ব্যবস্থা নেবো।

গোভিপুর দাখিল মাদ্রাসার সভাপতি ও স্থানীয় ইউপি চেয়ারম্যান শাহ জামান বলেন, এর আগেও বোর্ডিং সুপার সাদিকুল ইসলামের বিরুদ্ধে নানা ধরনের অভিযোগ উঠেছিল। তবে আজকের ঘটনায় আমরা এক সাথে আলোচনা করে সমাধান করার চেষ্টা করবো।

কুষ্টিয়া জেলা পুলিশের মাসিক কল্যাণ সভা অনুষ্ঠিত

কুষ্টিয়া জেলা পুলিশের মাসিক কল্যাণ সভা ও ২০২০ সালের ডিসেম্বর মাসের মাসিক ‘অপরাধ পর্যালোচনা সভা’ অনুষ্ঠিত হয়েছে।

রবিবার সকালে জেলা পুলিশের আয়োজনে পুলিশ লাইন্স সম্মেলন কক্ষে এ সভা অনুষ্ঠিত হয়।

সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কুষ্টিয়ার সুযোগ্য পুলিশ সুপার এস এম তানভীর আরাফাত, পিপিএম(বার)।

এসময় তিনি জেলার প্রতিটি বিট অফিসারকে নিজ নিজ বিটে যথাযথভাবে হাজির থেকে বিট পুলিশিং কার্যক্রম আরো গতিশীল করার জন্য নির্দেশ প্রদান করেন।
এছাড়াও প্রত্যেক পুলিশ সদস্যদের ড্রেস রুল মেনে চলার প্রতি নির্দেশনা প্রদানসহ সমাজের সকল স্তরের মানুষের দোরগোড়ায় পুলিশী সেবা পৌঁছে দেওয়া এবং পেশাদারিত্বের সহিত দায়িত্ব পালন করার জন্য সকল পুলিশ সদস্যদেকে নির্দেশ প্রদান করেন।

এসময় অতিরিক্ত পুলিশ সুপার(প্রশাসন ও অপরাধ) মোহাম্মদ মোস্তাফিজুর রহমান, অতিরিক্ত পুলিশ সুপার (ডিএসবি) মোঃ ফরহাদ হোসেন খাঁন,অতিরিক্ত পুলিশ সুপার, (কুষ্টিয়া সদর সার্কেল)মোঃ আতিকুল ইসলাম, সিনিয়র সহকারী পুলিশ সুপার, মোঃ আজমল হোসেনসহ জেলা পুলিশের অফিসার ও ফোর্সগণ উপস্থিত ছিলেন।

মেহেরপুর টিটিসি’র পক্ষ থেকে আমিনুল ইসলাম খোকনকে শুভেচ্ছা

মেহেরপুর শহর সমাজসেবা সমন্বয় পরিষদের নির্বাচনে সভাপতি পদে জয়লাভ করায় আমিনুল ইসলাম খোকনকে ফুলেল শুভেচ্ছা জানানো হয়েছে।

মেহেরপুর সরকারী করিগরি প্রশিক্ষণ কেন্দ্র (টিটিসি)’র পক্ষ থেকে রবিবার সকালে তাকে ফুলেল শুভেচ্ছা জানানো হয়।

মেহেরপুর সরকারী করিগরি প্রশিক্ষণ কেন্দ্রের অধ্যক্ষ মোহাম্মদ মেহেদী হাসানসহ সংশ্লিষ্টরা এসময় উপস্থিত ছিলেন।

প্রসঙ্গত, গেলো শুক্রবার মেহেরপুর শহর সমাজসেবা সমন্বয় পরিষদ নির্বাচনে আমিনুল ইসলাম খোকন পরিষদ নিরঙ্কুশ বিজয় অর্জন করে।

ণ উপস্থিত ছিলেন।

রাজবাড়ীতে সড়ক দুর্ঘটনায় গাংনীর শামীম নিহত

রাজবাড়ীতে সড়ক দুর্ঘটনায় মেহেরপুর গাংনীর শামীম(২৮) নিহত ও তার বন্ধু অন্তর(২৬) আহত হয়েছে। আজ রবিবার সকাল ৭টার এ দুর্ঘটনা ঘটে। নিহত শামীম উপজেলার বামন্দী বাজার এলাকার ক্যাম্প পাড়া মদজুলের ছেলে ও অন্তর একই এলাকার বড় পুকুরপাড়ার ইমার উদ্দিনের ছেলে।

রাজবাড়ী এলাকার আবু তালেব জানান,মোটরসাইকেল মাত্রা অতিরিক্ত গতিতে আসছিল। তারা নিয়ন্ত্রণ হারিয়ে রাস্তায় ছিটকে পড়লে আমরা তাদের উদ্ধার করে হাসপাতালে নিয়ে যায়।

বামুন্দী বাজারের বিশিষ্ট ব্যবসায়ী চঞ্চল হোসেন জানান শামীম ও অন্তর মোটরসাইকেলযোগে ঢাকায় যাচ্ছিল। অসাবধান বস তো সামনে কারণে এ দুর্ঘটনা হয়েছে বলে আমরা ধারণা করছি তবে কোন যানবাহন তাকে ধাক্কা দেয়নি।

রাজবাড়ী হাইওয়ে থানার এস আই আব্দুর রাজ্জাক গাংনীর চোখ’কে জানান, মোটরসাইকেলটি দ্রুতগতিতে এসে নিয়ন্ত্রণ হারিয়ে ফেলে রাস্তার পাশে থাকা বালুর স্তুপ কে ধাক্কা দেয়। এ সময় রাস্তায় ছিটকে পড়ল স্থানীয়রা তাদের উদ্ধার করে রাজবাড়ী সদর হাসপাতালে নিয়ে আসে।